



কৃষিই সমৃদ্ধি



বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)

সেচ ভবন, ৪র্থ তলা, ২২, মানিক মিয়া এভিনিউ, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

ফোন : ৯১১৭৮৬২, ৮১১০৭৯৮, ফ্যাক্স : ৮৮০-৯১২৭৫১৬, Email : birtanoffice@gmail.com Web: www.birtan.gov.bd



স্মারক নম্বর: ১২.০৯.০০০০.০০১.২২.০০২.২০-২২৮

তারিখ: ১৪ মাঘ ১৪২৭
২৮ জানুয়ারি ২০২১

বিষয়ঃ বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট এর খসড়া আইনের উপর মতামত প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান। খাদ্যভিত্তিক পুষ্টি বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণের মাধ্যমে লক্ষ্যমান কাজে লাগিয়ে স্বল্প মূল্যে পুষ্টিমান সমৃদ্ধ খাবার গ্রহণ, সুস্বাদু খাবার নির্বাচন, বয়স ও রোগভিত্তিক খাদ্য নির্বাচন, বিভিন্ন খাদ্যের পুষ্টিমান বিষয়ে সচেতনতা তৈরির মাধ্যমে পুষ্টি সমস্যা নিরসনে ভূমিকা রেখে জাতীয় উন্নয়নে বারটান অবদান রাখছে। কৃষি মন্ত্রণালয় ১৯৮০ সালে এ প্রকল্পের দায়িত্ব গ্রহণ করে। ১৯৯৩ সালে Bangladesh Agriculture Research Council (BARC) এ প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত হয়। ফলিত পুষ্টি বিষয়ে গবেষণা ও প্রশিক্ষণের আঞ্চলিক এবং বৈশ্বিক পীঠস্থান (Center of Excellence) হিসেবে গড়ে তোলার লক্ষ্যে মহান জাতীয় সংসদে 'বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) আইন-২০১২' পাশ হয় এবং ১৯ জুন, ২০১২ তারিখে ২০১২ সালের ১৮ নং আইন হিসেবে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়। আধুনিক গবেষণাগার ও প্রশিক্ষণ কেন্দ্র সম্বলিত নারায়ণগঞ্জের আড়াইহাজার উপজেলায় মেঘনা নদীর তীরে ১০০ একর জায়গায় নির্মাণ হয়েছে বারটান-এর প্রধান কার্যালয়। এছাড়া বরিশাল, সিরাজগঞ্জ, সুনামগঞ্জ, ঝিনাইদহ, নেত্রকোনা, নোয়াখালী (সুবর্ণচর) এবং রংপুরে (পীরগঞ্জ) গবেষণা ও প্রশিক্ষণের সুবিধা সংবলিত ০৭টি আঞ্চলিক কার্যালয় নির্মাণ করা হয়েছে। বারটান খসড়া আইন ২০২১ প্রণয়নের লক্ষ্যে বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) এর খসড়া আইন প্রণয়ন কমিটি কর্তৃক আইন সংশোধনের জন্য অন্যান্য প্রতিষ্ঠানের আইন পর্যালোচনা করে খসড়া আইন প্রণয়ন করা হয়েছে। উক্ত খসড়া আইন সংশোধন করার লক্ষ্যে বিশ্ববিদ্যালয় ও গবেষণা কার্যক্রমের সাথে জরিত প্রতিষ্ঠানের মতামত নেবার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। উক্ত খসড়া আইনের উপর ০৫ কার্যদিবসের মধ্যে মতামত birtanoffice@gmail.com ই-মেইলে প্রদানের জন্য অনুরোধ করা হলো। প্রস্তাবিত খসড়া আইনটি birtan.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

[খসড়া আইনের বিষয়ে যোগাযোগঃ জনাব মোঃ মাকছুদুল হক, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও সদস্য সচিব, খসড়া আইন প্রণয়ন কমিটি, মোবাইলঃ ০১৭২৩৭৭৮০৫৬]

সংযুক্তি: বর্ণনামতে।

মোঃ খোরশেদ আলম, এনডিসি
পরিচালক
(যুগ্মসচিব)
ফোন: ৪৮১২০৫৮৩

অনুলিপি বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১. মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ, মহাখালী, ঢাকা-১২১২।
০২. মহাপরিচালক, এফপিএমইউ, খাদ্য মন্ত্রণালয়, খাদ্যভবন ১৬ আব্দুল গনি রোড, ঢাকা-১০০০।
০৩. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা-১২১২।
০৪. মহাপরিচালক, বিএসটিআই, মানভবন, তেজগাঁও, ১১৬-এ মগবাজার আরডি ঢাকা-১২০৮
০৫. মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা ১৩৪১।

০৬. চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, স্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
০৭. চেয়ারম্যান, বিসিএসআরআই, ড. কুদরাত-এ-খুদা রোড, খানমন্ডি, ঢাকা-১২০৫।
০৮. ভাইস চ্যান্সেলর, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
০৯. ভাইস চ্যান্সেলর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০২।
১০. ভাইস চ্যান্সেলর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর-১৭০৬।
১১. পরিচালক, পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০।
১২. পরিচালক, ইনস্টিটিউট অব পাবলিক হেলথ এন্ড নিউট্রিশন, মহাখালী, ঢাকা-১২১২।
১৩. প্রফেসর ড. এস এম রফিকুজ্জামান, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর-১৭০৬।
১৪. প্রফেসর ড. ফরিদা ইয়াসমিন বারী, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০২।
১৫. প্রফেসর আবু নোমান ফারুক, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা-১২০৭।
১৬. প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা-১২০৭।
১৭. নির্বাহী পরিচালক, ব্র্যাক, ব্র্যাক সেন্টার, ৭৫ মহাখালী, ঢাকা-১২১২।
১৮. প্রশাসনিক কর্মকর্তা, বারটান, ঢাকা-১২০৭।
১৯. হিসাব শাখা/অফিস কপি/সংশ্লিষ্ট নথি, বারটান, ঢাকা-১২০৭।